

# মুগ্ধান্তর

প্রিন্ট: ১৯ অক্টোবর ২০২৫, ১০:৩৬ এএম

## শিক্ষাজ্ঞন

# রাজশাহীর ৩৫ কলেজে পাশ করেনি কেউ



রাজশাহী বুরো

প্রকাশ: ১৬ অক্টোবর ২০২৫, ০৩:৩০ পিএম



ছবি: সংগৃহীত

রাজশাহী বোর্ডে এ বছরের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় ৫৯ দশমিক ৪০ শতাংশ পরীক্ষার্থী পাশ করেছে। যা গত বছরের তুলনায় ২১ দশমিক ৮৪ ভাগ কম। গত বছর বোর্ডে পাশের হার ছিল ৮১ দশমিক ২৪ শতাংশ। এবার জিপিএ-৫ পেয়েছে ১০ হাজার ১৩৭ জন পরীক্ষার্থী। গত বছর জিপিএ-৫ পেয়েছিলেন ২৪ হাজার ৯০২ পরীক্ষার্থী। এ বছর জিপিএ-৫ কমেছে ১৪ হাজার ৭৬৫ জন। এছাড়া চলতি বছরে ৫৬ হাজার ৪০৯ জন পরীক্ষার্থী ফেল করেছে।

এবছর জিপিএ-৫ পাওয়াদের মধ্যে ৫ হাজার ৬৮২ জন ছাত্রী ও ৪ হাজার ৪৫৫ জন ছাত্র। আর ছাত্র পাসের হার ৫০ দশমিক ৬৯ শতাংশ ও ছাত্রী পাসের হার ৬৮ দশমিক ৬৯ শতাংশ। সেক্ষেত্রে জিপিএ-৫ পাওয়া ও পাশের হারে এ বছরও এগিয়ে রয়েছে মেয়েরা।

### রাজশাহী বোর্ডে ৭ বছরের মধ্যে সর্বনিম্ন ফলাফল

অন্যদিকে চলতি বছরের এইচএসসি পরীক্ষায় রাজশাহী শিক্ষা বোর্ডের অধীন বিভাগের আট জেলায় ১ লাখ ৩৪ হাজার ১৪৩ জন পরীক্ষার্থী অংশ নিয়েছিলেন। এর মধ্যে ৭৭ হাজার ৭৪২ জন পরীক্ষার্থী পাশ করেছেন। এবার শিক্ষা বোর্ডের অধীনে মাত্র ১৮টি কলেজের শতভাগ পরীক্ষার্থী পাশ করেছে। আর ৩৫টি কলেজের শতভাগ পরীক্ষার্থী ফেল করেছেন।